আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

## আটপাড়া উপজেলা পরিষদের মে/২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ১৮ মে ২০২৩ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১১.৩০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**০১। বিভাগীয় আলোচনা :**

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, হাওড় অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় খামারীদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী চলমান রয়েছে। তিনি আরো জানান যে, ক্ষুরারোগের ভ্যাক্সিনেশন কার্যক্রম ইউনিয়ন পর্যায়ে চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো মৌসুমে মোট ১২৪৫০ হে. জমির মধ্যে মোট ১২৪৫০ (১০০%) জমি কর্তন হয়েছে। আউশের বীজতলা ৫ হে. জায়গা করা হয়েছে। ৪০০ হে. জায়গায় আউশের লক্ষ্যমাত্র পূরণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা ও টিআর, ১৫ মিটার ব্রীজ, ইজিপিপি(+), এইচবিবি করণ প্রকল্পের কাজ চলমান। বর্তমানে ইজিপি(+) এর প্রকল্প সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রকল্প। এই প্রকল্পটি সফল ভাবে সম্পন্ন করার জন্য ট্যাগ অফিসার, ইউপি চেয়ারম্যানদের কে পরিদর্শনের মাধ্যমে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. কোনাপাড়া বাজারে নির্মাণাধীন ব্রিজের এপ্রোচের মাটি দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউপি চেয়ারম্যানগণ কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, এ মাসে উপজেলার ১০৩ টি বিদ্যালয়ে প্রায় ১২০০০/- (বার হাজার) শিক্ষার্থীর | ০১. উপবৃত্তির বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে প্রতারক চক্র জেন পিন কোড না | ০১. চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | উপবৃত্তির তালিকা অনুমোদন করা হয়। ২য় হতে ৫ম শ্রেণি পর্যন্ত ১ম প্রান্তিক মূল্যায়ন ১৬.০৫.২০২৩ তারিক হতে শুরু হয়েছে এবং ২২.০৫.২০২৩ তারিখ শেষ হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিতে পারে সে বিষয়ে সবাইকে অবহিত করতে হবে।<br>০২. বিদ্যালয়সমূহে নিয়মিত ভিজিট অব্যাহত রাখতে হবে। | ০২. উপজেলা [illegible]<br>আটপাড়া, নেত্রকোণা<br>০৩. উপজেলা শিক্ষা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **<u>সমাজসেবা বিভাগ:</u>** উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, প্রতিবন্ধী জরিপ কার্যক্রম শুরু হয়েছে। তালিকায় যদি কোন অযোগ্য ব্যক্তি আসে তহলে অভিযোগ দেয়ার জন্য অনুরোধ করেন যাতে পরবর্তীতে সংশোধন করা যায়। ২৯ মে ২০২৩ তারিখেরম মধ্যে জরিপের কাজ শেষ হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. প্রতিবন্ধী জরিপ কার্যক্রমে সঠিক তালিকা করার বিষয়ে সজাগ থাকতে হবে।<br>০২. সেবা প্রার্থীদের টাকা প্রতারক চক্র যেন না নিতে পারে সে বিষয়ে লক্ষ রাখতে হবে প্রয়োজনে নাম্বার সংগ্রহ করে থানায় যোগাযোগ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **<u>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:</u>** উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ মহোদয়ের কার্যালয়ের ওয়াশরুম মেরামত করা জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের অনুমোন প্রয়োজন। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ের নাম অনার বোর্ড স্থাপনে জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রকল্প গ্রহণের অনুমোন প্রয়োজন। তিনি আরো জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেনারেটর ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। দুওজ ইউনিয়ন গনেশের হাওয়ে রতন মেম্বারের জমিরর পাশে ড্রেইন, আব্দুল খালেক এমপির বাড়ীর সামনে চারিড়াতিয়া ইউড্রেইন ও উপজেলা পরিষদ সংলগ্ন আবাসিক এলাকায় ড্রেইন নির্মানে জন্য উপজেলা উন্নয়ন তহবিল হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। সুখারী ইউনিয়ন মঙ্গালশ্রী সড়কের কালভার্ডের স্লাব পূন: নির্মান জন্য উপজেলা উন্নয়ন তহবিল হেত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি'র বরাদ্দের অনুকূলে গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম চলমান। উপজেলা পরিষদ ডরমেটরি ভাবনের সাবমার্সিবল মটর মেরামত বাবদ ১৫,৬৬০/- (পনের হাজার ছয়শত ষাট) টাকার উপজেলা রাজস্ব হতবিল হতে ব্যয় নির্বাহের জন্য অনুরোধ করেন। ২০২২-২০২৩ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ইহতে আটপাড়া উপজেলাধীন আটিকান্দা গ্রামে ইটের প্যালাসেডিং নির্মাণ জন্য ৭,০২০৪৫/- (সত লক্ষ দুই হাজার পয়তাল্লিশ) টাকার ব্যয়ে প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। প্রতিটি কোয়াটারে পানির জন্য একটি আলাদা মিটার স্থাপনের জন্য আনুরোধ করেন। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা- | ০১. ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে চেয়ারম্যানে উপজেলা পরিষদ মহোদয়ের কার্যালয়ের ওয়াশরুম মেরামত প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ের নাম অনার বোর্ড স্থাপনের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩. উপজেলা উন্নয়ন তহবিল হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেনারেটর ক্রয়ের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪. উপজেলা উন্নয়ন তহবিল হেত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে দুও য় গনেশের হাওয়ে রতন মেম্বারের জমতির পাশে ড্রেইন, আব্দুল খালেক এমপির বাড়ীর সামনে চারিগাতিয়া ইউড্রেইন ও উপজেলা পরিষদ সংলগ্ন আবাসিক এলাকায় ড্রেইন নির্মানে জন্য প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫. উপজেলা উন্নয়ন তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ে মঙ্গালশ্রী সড়কের কালভার্ডের স্লাব পূন: নির্মান ও জন্য প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬. উপজেলা পরিষদ ডরমেটরি ভাবনের সাবমার্সিবল মটর মেরামত বাবদ ১৫,৬৬০/- (পনের হাজার ছয়শত ষাট) টাকার উপজেলা রাজস্ব হতবিল হতে ব্যয় নির্বাহের গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৭. প্রকল্পের গুণগতমান নিশ্চিত করতে তদারকি জোরদার করতে হবে।<br>০৮. প্রতিটি কোয়াটারে পানির জন্য একটি আলাদা মিটার স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। ০৯. ২০২২-২০২৩ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ইহতে আটপাড়া উপজেলাধীন আটিকান্দা গ্রামে ইটের প্যালাসেডিং নির্মাণ ৭,০২০৪৫/- (সত লক্ষ দুই হাজার পয়তাল্লিশ) টাকার ব্যয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীহ হয়।১০.স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ২৮ মে ২০২৩ খ্রি. তারিখের৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২- | ০১. উপজেলা নির্বাহী অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান (সকল)<br>আটপাড়া, নেত্রকোণা।<br>০<br>৪. সহকারী জেনারেল ম্যানেজার,<br>আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি,<br>আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | ২ শাখার ২৮ মে ২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২২-৫৭৭ নং স্মারকে চলতি ২০২২.২০২৩ অর্থ বছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের প্রপ্ত অর্থ নির্দেশনা অনুযায়ী প্রকল্প (পরিশিষ্ট 'ক') গ্রহণ কার হয় এবং বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৫৭৭ নং স্মারকে চলতি ২০২২.২০২৩ অর্থ বছরে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের প্রপ্ত অর্থ নির্দেশনা অনুযায়ী প্রকল্প (পরিশিষ্ট 'ক') প্রকল্পসমূহ যতাসময়ের মধ্যে বাস্তাবয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৮. | **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, পূর্বের আশ্রয়ন-২ প্রকল্পে বিতরণ করা ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। আশ্রয়ন-২ এর আওতায় পূর্ণবাসিত পরিবারের সদস্যদের নিয়ে ভরতোষী আশ্রয়ন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য আশ্রয়নে বসবাসকারীদের নিয়ে সমবায় সমিতি গঠনের প্রক্রিয়া চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সেলাই প্রশিক্ষণ প্রদানের জন্য সবাইকে অবগত করা হয়। ঋণ আদায় কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার আটপাড়া,নেত্রকোণা। |
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় পরিবার পরিকল্পনা বিভাগের নিজস্ব বিল্ডিং নির্মাণের জন্য ১৫ শতাংস জায়গা বরাদ্দের অনুরোধ জানান। তিনি দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে মাটি ভরাট করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংলগ্ন উপজেলা পরিষদ হতে ১৫ শতাংশ জমি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। খেলাপী ঋণ আদায়ের জন্য সমিতি/দল পর্যায়ে সদস্য ওয়ারী ঋন পরিশোধের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জনান যে, তেলিগাতী, সুখারী ও লুনেশ্বর ইউনিয়নের তিনটি বিল নাসারী কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে যা থেকে প্রায় এক লক্ষ পোনা অবমুক্ত করা হবে। মৎস্য চাষীদের প্রশিক্ষন প্রদান করা হচ্ছে। নিয়মিত মাছের বাজার, মৎস্য খাদ্যের দোকান মনিটরিং করা হচ্ছে এবং খাদ্য নমুনা পরীক্ষা করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. মৎস্য আইনগুলো সাধারণ জনগণের মাঝে প্রচারণার ও অবৈধ জাল ব্যবহারে থেকে বিরত থাকার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় ও সকল ইউপি চেয়ারম্যান কর্তৃক মাইকিং এর মাধ্যমে প্রচারনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে বিষয়ে সি দ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা<br>০২. চেয়ারম্যান ইউপি (সকল) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অভ্যন্তরিন খাদ্য শষ্য সংগ্রহ চলামন আছে এবং বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| .. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপ-সহকারী প্রকৌশলী, অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, চাহিদার তুলনায় বিদ্যুৎ কম সরবরাহ পাওয়ায় কিছুটা লোড সেডিং হচ্ছে। বিদ্যুৎ বিল আদায়ের জন্য বিভিন্ন এলাকায় সংযোগ বিচ্ছিন্ন করায় গ্রাহকদের সাথে কিছু সমস্যা হচ্ছে এ জন্য ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সমস্যা সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহযোগীতা কমনা করেন। এছাড়া তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | নেত্রকোণা জেলার ১০ টি উপজেলার মধ্যে আটপাড়ার বিদ্যুৎ বিল আদায়ের হার বেশি হওয়ার আটপাড়ার চাহিদা অনুযায়ী বিদ্যুৎ পাওয়ার জন্য অনুরোধ করেন। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |

০৩ (১)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার ইউনিয়নের ধান কাটার কাজ শেষ। বারহাট্টা ভরতোষি কাবুলিয়া রাস্তা টেন্ডারের হওয়ার পরেও এখনো কাজ শুরু হয় নাই দ্রুত কাজর শুরু করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। শুনই নতুন বাজার ব্রিজের পাশে গাইডওয়াল নেই গাইডওয়াল কারার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৩(২)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তেলিগাতী নাজিরগঞ্জ রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে আছে দ্রুত এর মেরামত কারার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৩)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, কিছু জলমহাল খাস কালেকশনে ইজারা হয় আর জন্য সঠিক মাজীবীরা এর সুবিধা থেকে বঞ্চিত হয়। উক্তি জলমহালগুলো ক্যালেন্ডারভুক্ত করে সরকারী নিতিমালা অনুযায়ী টেন্ডারের মাধ্যমে ইজার প্রদানের জন্য অনুরোধ করেন। তিনি আরো জানান যে, তার ইউনিয়নে দেওগাও রাস্তাটি পাকা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার ইউনিয়নের জেনারেল টি,আর কাবিটার কাজ কর হয়েছে উপজেলা নির্বাহী অফিসরকে পরিদর্শন করে দেখার জন্য অনুরোধ করেন। তিনি আরো জনান যে, ইজিপিপির কাজ শুরু হয়েছে পরিদর্শন করে বিল প্রধানের জন্য অনুরোধ করেন।

০৩ (৫) চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

০৪। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তার অফিস কক্ষে চেয়ার, টেবিল পুরাতন হওয়ায় তা ব্যবহারে অনুপযোগী হয়ে গেছে। তার অফিস কক্ষে চেয়ার টেবিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, তার অফিস কক্ষে প্রয়োনের তুলনায় চেয়ারের স্বল্পতা রয়েছে । আরো ১০ টি চেয়ার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধন করেন।

**বিবিধ আলোনা:**

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন সময়ে উপজেলা পরিষদের অভন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতার কাজে ব্যায়িত অর্থ বাবদ ১,০০,০০০/- টাকা উত্তোলন কারর বিষয়ে আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন সময়ে উপজেলা পরষিদের অভন্তরে বর্জ্য ব্যবস্থাপনা ও পরিস্কার পরিচ্ছন্নতার কাজে ব্যায়িত অর্থ বাবদ ১,০০,০০০/- টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ আটপাড়া, নেত্রকোণা। ও উপজেলা নির্বহী অফিসার আটপাড়ানেত্রকোণা। |

০৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ-

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ। |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি, অতিদরিদ্র, টিআর, কাবিটা ইত্যাদি খাতসমূহে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের প্রতি আহবান জানান। | ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি, অতিদরিদ্র, টিআর, কাবিটা ইত্যাদি খাতসমূহে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া ও চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ |

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা: সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন যে উপজেলা নির্বাহী অফিসারের ০১ (এক) বছরের বেশি সময় অতিবাহিত হয়েছে কিন্তু মনে হচ্ছে এই সময়টা খুব দ্রুত চলে গেছে। অনে পরিশ্রম করে আটপাড়া উপজেলাকে এগিয়ে নিত তার এবং তার পরিবারের জন্য সভার সকলের মাধ্যমে দোয়া কামনা করেন যেন তিনি সুস্থ থেকে দায়িত্ব পালন করতে পারেন। সকলেই সকলের অবস্থান থেকে সহযোগীতা করবে এবং তার পদক্ষেপ ও প্রচেষ্টা অব্যাহেত থাকবে। তিনি চলতি অর্থ বছরের চলমান প্রকল্পসমূহ বর্ষা আসার পূর্বে সুন্দরভাবে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২-৪১৭/১

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯ বাংলা
১৮ মে ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ..................................................... অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ..................................................... ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব .........................................................................................

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১